*Total No. of Questions : 11 + 8 + 8 + 2 = 29* *Total No. of Pages : 23*

Time : 3 Hours ] [ Full Marks : 100

[ Pass Marks : 30

## গুরুত্বপূর্ণ এবং আবশ্যক নির্দেশ ঃ

**পরীক্ষার্থীদের জন্য ঃ**

1. পরীক্ষা কক্ষে প্রশ্নসহ উত্তর পুস্তিকা পাওয়ার সাথে সাথে পুস্তিকার প্রথম পৃষ্ঠার উপর তোমার প্রবেশ পত্রে অঙ্কিত রোল কোড ( Roll Code ), রোল নম্বর ( Roll No. ) এবং অন্যান্য বাঞ্ছিত সূচনা লেখ ।
2. পরীক্ষা ভবনে শারীরিক তল্লাশী করলে প্রবেশ পত্র এবং নির্দিষ্ট উপকরণ ছাড়া অন্য কোন কাগজ অথবা উপকরণ পাওয়া গেলে সং! সং! পরীক্ষা থেকে বহিষ্কৃত করা হবে ।
3. কোন অবস্থাতেই পরীক্ষা কক্ষ থেকে প্রশ্ন সহ উত্তর পুস্তিকা বাইরে নিয়ে যাওয়া দন্ডনীয় । এই পুস্তিকা পরীক্ষা সমাপ্তির পরে ফিরিয়ে দেওয়া আবশ্যক এবং অনিবার্য ।
4. প্রত্যেক প্রশ্নের উত্তর প্রশ্নের ঠিক নীচে দেওয়া নির্দিষ্ট শূন্যস্থানেই দাও ।

## নির্দেশ ঃ

1. যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে ।
2. সকল প্রশ্নের উত্তর দেওয়া অনিবার্য ।
3. প্রান্তে লিখিত সংখ্যাগুলি পূর্ণাঙ্কের নির্দেশক ।
4. প্রশ্নের উত্তর প্রশ্নের সাথে দেওয়া নির্দেশানুসারেই লিখতে হবে ।
5. নতুন পাঠক্রম অথবা পুরাতন পাঠক্রমের প্রশ্ন চয়ন করবে । মিশ্রিত চয়ন দন্ডনীয় ।

---

প্রশ্ন ঃ 1. সন্ধি বিচ্ছেদ কর ঃ $5 \times 1 = 5$

(ক) দুরবস্থা (খ) নীরোগ

(গ) মৃন্ময় (ঘ) জগন্নাথ

(ঙ) উদ্যম ।

প্রশ্ন ঃ 2. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর ঃ $5 \times 1 = 5$

(ক) দম্পতি (খ) রাজর্ষি

(গ) মনমাঝি (ঘ) হাভাত

(ঙ) আসমুদ্র ।

প্রশ্ন ঃ 3. নির্দেশানুসারে বাক্য পরিবর্তন কর ঃ $5 \times 1 = 5$

(ক) ধনহীন ব্যক্তি সমাজে উপেক্ষিত । ( জটিল বাক্যে )

(খ) রাজমহলে যখন মুঘল সুবেদারেরা থাকতেন, তখন এদের রাজ্য যায় । ( সরল বাক্যে )

(গ) হিতৈষী যে সুদটি আদায় করে সেটি মানুষের আত্মসম্মান । ( যৌগিক বাক্যে )

(ঘ) রাজু আমাকে ডাকল এবং বাড়িতে নিয়ে গেল । ( সরল বাক্যে )

(ঙ) তোমরা আমায় রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা দিব । ( জটিল বাক্যে )

প্রশ্ন ঃ 4. নিম্নলিখিত শব্দগুলি সাধু ভাষায় লেখ ঃ $5 \times 1 = 5$

(ক) চলছে (খ) পুজো

(গ) কাদের (ঘ) ঘরে

(ঙ) পেন্নাম ।

প্রশ্ন ঃ 5. উপযুক্ত স্থানে যতি চিহ্ন বসাও ঃ $5 \times 1 = 5$

(ক) এখানে অনেকেই আছেন কবি গায়ক চিত্রকর

(খ) তুমি আমি আমরা সবাই যাব

(গ) জাগতিক কথা হল সূর্য পূর্বেই ওঠে

(ঘ) লোকটা রাস্তায় পড়ে কেন

(ঙ) আকাশে মেঘের কী বাহার

প্রশ্ন ঃ 6. "মাথা" বিশেষ্য পদটি দিয়ে **পাঁচটি** ভিন্ন অর্থে বাক্য তৈরী কর । $5 \times 1 = 5$

প্রশ্ন ঃ 7. নিম্নলিখিত পদগুলির শুদ্ধ রূপ লেখ ঃ $5 \times 1 = 5$

(ক) সকল শিশুরা (খ) নির্ধণী

(গ) উর্ধ (ঘ) লক্ষী

(ঙ) সদ্যজাত ।

প্রশ্ন ঃ 8. নীচের যে কোন **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর ঃ ( ১৫০ শব্দের মধ্যে ) 8

(ক) বিজ্ঞানের জয়যাত্রা (খ) ছাত্রজীবনের কর্তব্য

(গ) ঝাড়খন্ডের প্রাকৃতিক সুষমা (ঘ) তোমার প্রিয় কবি ।

প্রশ্ন ঃ 9. "বিপদেই বন্ধু চেনা যায়" — প্রবাদ বাক্যটি অবলম্বন করে ১০০ শব্দের মধ্যে একটি গল্প লেখ । 5

প্রশ্ন ঃ 10. মাধ্যমিক পরীক্ষা হয়ে গেলে ফল বেরোনোর আগে পর্যন্ত সময়টুকু কিভাবে তুমি কাজে লাগাতে চাও জানিয়ে বাবাকে ১০০ শব্দের মধ্যে চিঠি লেখ । 6

**অথবা**

স্কুল লাইব্রেরীতে বাংলা পাঠ্যপুস্তক সরবরাহ করার জন্য প্রধান শিক্ষকের কাছে একটি আবেদন পত্র লেখ । ( ১০০ শব্দের মধ্যে )

প্রশ্ন ঃ 11. প্রদত্ত অনুচ্ছেদটি ভাল করে পড়ে নিম্নলিখিত প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও ঃ $6 \times 1 = 6$

আমার জীবনবৃত্তান্ত লিখিতে আমি অনুরুদ্ধ হইয়াছি । এখানে আমি অনাবশ্যক বিনয় প্রকাশ করিয়া জায়গা জুড়িব না । কিন্তু গোড়াতে একথা বলিতেই হইবে, আত্মজীবনী লিখিবার বিশেষ ক্ষমতা বিশেষলোকেরই থাকে, আমার তাহা নাই । না থাকিলেও ক্ষতি নাই, কারণ আমার জীবনের বিস্তারিত বর্ণনায় কাহারো কোন লাভ দেখি না ।

সেইজন্য এস্থলে আমার জীবনবৃত্তান্ত হইতে বাদ দিলাম । কেবল কাব্যের মধ্য দিয়া আমার কাছে কাজ — আমার জীবনটা যেভাবে প্রকাশ পাইয়াছে, তাহাই যথেষ্ট সংক্ষেপে লিখিবার চেষ্টা করিব । ইহাতে যে অহমিকা প্রকাশ পাইবে সেজন্য আমি পাঠকদের কাছে বিশেষ করিয়া ক্ষমা প্রার্থনা করি ।

আমার সুদীর্ঘকালের কবিতা লেখার ধারাটিকে পশ্চাৎ ফিরিয়া যখন দেখি তখন ইহা স্পষ্ট দেখিতে পাই — এ একটা ব্যাপার যাহার উপরে আমার কোন কর্তৃত্ব ছিল না । যখন লিখিতেছিলাম তখন মনে করিয়াছি, আমিই লিখিতেছি বটে, কিন্তু আজ জানি কথাটা সত্য নহে । কারণ, সেই খন্ডকবিতাগুলিতে আমার সমগ্র কাব্যগ্রন্থের তাৎপর্য সম্পূর্ণ হয় নাই । সেই তাৎপর্যটি কি তাহাও আমি জানিতাম না । এইরূপে পরিণাম না জানিয়া আমি একটির সহিত একটি কবিতা যোজনা করিয়া আসিয়াছি — তাহাদের প্রত্যেকের যে ক্ষুদ্র অর্থ কল্পনা করিয়াছিলাম, আজ সমগ্রের সাহায্যে নিশ্চয় বুঝিয়াছি, সে অর্থ অতিক্রম করিয়া একটি অবিচ্ছিন্ন তাৎপর্য তাহাদের প্রত্যেকের মধ্য দিয়া প্রবাহিত হইয়া আসিয়াছিল ।

**প্রশ্নাবলী ঃ**

(ক) লেখককে কি লিখতে অনুরোধ করা হয়েছিল ?

(খ) তার পাঠকের কাছে ক্ষমা চাওয়ার উদ্দেশ্য কি ?

(গ) ক্ষুদ্র অর্থের স! সমগ্রের কি পার্থক্য তিনি অনুভব করেছেন ?

(ঘ) যখন তিনি লিখেছিলেন তখন কি ভেবে লিখেছিলেন ?

(ঙ) কি না জেনে একটির পর একটি কবিতা যোজনা করেছেন ?

(চ) লেখক অনুরোধের কোন্টুকু বাদ দিলেন ?

**নতুন পাঠক্রম**

**( প্রশ্নসংখ্যা 12 থেকে 19 পর্যন্ত )**

প্রশ্ন ঃ 12. নীচের প্রশ্নগুলির প্রতিটি এক বাক্যে উত্তর দাও ঃ $5 \times 1 = 5$

(ক) ফুলজান কে ?

(খ) আন্তর্জাতিক আলোচনাচক্র কোথায় হয়েছিল ?

(গ) 'অগ্নিদেবের শয্যা' কাহিনীর লেখক কে ?

(ঘ) 'ডিস্প্যাচ স্টিমার' কি ?

(ঙ) পরিবেশ কাকে বলে ?

প্রশ্ন ঃ 13. 'ছেঁড়া তার' নাটকটির সংলাপ ও ভাষা সম্বন্ধে আলোচনা কর । ( ৬০ শব্দের মধ্যে উত্তর দাও ) 4

প্রশ্ন ঃ 14. 'কী অদ্ভুত ধরনের ভীষণ দৃশ্য' — দৃশ্যটির বর্ণনা দাও । ( ৬০ শব্দের মধ্যে উত্তর দাও ) 4

প্রশ্ন ঃ 15. প্রস! উল্লেখ করে ব্যাখ্যা কর ঃ ( ৭০ শব্দের মধ্যে ) 5

ততক্ষণে চিড়িয়া যে শুধু উড় গিয়া তা নয়, সে বনের ভিতর বিলকুল উধাও ।

প্রশ্ন ঃ 16. আজ দুব্বা ধান পাখি দেখে
ভালবাসার দু-একটা মুখ দেখে
এখানে ফিরেছি ।

(ক) কবি কোথায় ফিরেছেন ?

(খ) কিসের আকর্ষণে সেখানে ফিরেছেন ? $1 + 1 = 2$

প্রশ্ন ঃ 17. চোখে পড়ছে না যদিও, তবু আছে,
অন্তত থাকাটা কিছু অসম্ভব নয় ।

(ক) পংক্তি দুটি কোন্ কবিতা থেকে উদ্ধৃত ?

(খ) কবিতাটির রচয়িতা কে ? $1 + 1 = 2$

প্রশ্ন ঃ 18. কবি জীবনানন্দ দাশের কবিতা অবলম্বনে বাংলার রূপের লেখচিত্র দাও । ( ৬০ শব্দের মধ্যে উত্তর লেখ ) 3

প্রশ্ন ঃ 19. প্রস ! উল্লেখ করে ব্যাখ্যা কর ঃ ( ৭০ শব্দের মধ্যে ) 5

আমি এক দুর্ভিক্ষের কবি,
প্রত্যহ দুঃস্বপ্ন দেখি, মৃত্যুর সুস্পষ্ট প্রতিচ্ছবি ।

**অথবা**

**পুরাতন পাঠক্রম**

**( প্রশ্নসংখ্যা 12 থেকে 19 পর্যন্ত )**

প্রশ্ন ঃ 12. নীচের প্রশ্নগুলির প্রতিটি এক বাক্যে উত্তর দাও ঃ $5 \times 1 = 5$

(ক) শক্ সাহেব কে ?

(খ) গোপাল চরিত্রটি কার সৃষ্টি ?

(গ) রামসুন্দর মিত্রের কন্যার নাম কি ?

(ঘ) কুবের মাঝি কোন্ নদীতে মাছ ধরছিল ?

(ঙ) 'সব্যসাচী' কোন্ উপন্যাসের অন্তর্গত ?

প্রশ্ন ঃ 13. 'দেশের শ্রীবৃদ্ধি' প্রবন্ধে লেখক কি উদাহরণ দিয়ে দেখিয়েছেন যে দেশের কি প্রকার শ্রীবৃদ্ধি হয়েছে ? ( ৬০ শব্দের মধ্যে উত্তর দাও ) 4

প্রশ্ন ঃ 14. 'সব্যসাচী' গল্প অবলম্বনে সব্যসাচীর চরিত্র চিত্রণ কর । ( ৬০ শব্দের মধ্যে উত্তর দাও ) 4

প্রশ্ন ঃ 15. প্রস ! উল্লেখ করে ব্যাখ্যা কর ঃ ( ৭০ শব্দের মধ্যে ) 5

শরীর থাক আর যাক, এসময় একটা রাত্রিও ঘরে বসিয়া থাকিলে কুবেরের চলিবে না ।

প্রশ্ন ঃ 16. কুলায় কাঁপিছে কাতর কপোত
দাদুরি ডাকিছে সঘনে ।

(ক) কপোত কোন্ অবস্থায় কাতর হয়েছে ?

(খ) 'দাদুরি'র অর্থ কি ? $1 + 1 = 2$

প্রশ্ন ঃ 17. ইহাতে বুঝিনু তুমি দেবতা নিশ্চয় ।
দয়ায় দিয়াছ দেখা দেহ পরিচয় ।।

(ক) পংক্তি দুটি কোন্ কবিতার ?

(খ) কবিতার কবি কে ? $1 + 1 = 2$

প্রশ্ন ঃ 18. 'আগামী' কবিতার নামকরণের তাৎপর্য বিশ্লেষণ কর । ( ৬০ শব্দের মধ্যে উত্তর লেখ ) 3

প্রশ্ন ঃ 19. প্রস ! উল্লেখ করে ব্যাখ্যা কর ঃ ( ৭০ শব্দের মধ্যে ) 5

আজি পরীক্ষা, জাতির অথবা জাতের করিবে ত্রাণ ?
দুলিতেছে তরী, ফুলিতেছে জল, কান্ডারী হুঁশিয়ার ।

প্রশ্ন ঃ 20. নীচের প্রশ্নগুলির উত্তর অতি সংক্ষেপে দাও ঃ $5 \times 1 = 5$

(ক) শিলাদিত্যের বাবার নাম কি ?

(খ) বৃদ্ধ পুরোহিত কার পূজা করেন ?

(গ) গোহের কোথায় জন্ম হয় ?

(ঘ) নাগাদিত্য কে ?

(ঙ) পদ্মিনী কিসে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করেন ?

প্রশ্ন ঃ 21. বৃদ্ধ পুরোহিতের মৃত্যুর পর সুভাগার জীবন কেমন করে কাটত ? ( ১০০ শব্দের মধ্যে উত্তর দাও ) 5